পুনেতে নিহত পুরুলিয়ার সুখেন পরিবারের পাশে অভিষেক

দীপেন গুপ্ত
পুরুলিয়া, ১৩ ফেব্রুয়ারি

'অপরাধীদের ধরল, আর পাঁচ–সাত দিন পর তারা জামিন পেয়ে গেল, এমনটা হলে আমরা ছাড়ব না।' মহারাষ্ট্র পুলিশকে এই ভাষায় সতর্ক করলেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বান্দডি গ্রামের বাড়িতে এসে নিহতের পরিবারকে আর্থিক সাহায্যের পাশাপাশি তাঁর দুই ভাইকে কর্মসংস্থানেরও আশ্বাস দিয়েছেন অভিষেক। সাংবাদিকদের বলেন, 'সব রাজনৈতিক দলকে অনুরোধ, এই পরিবারের পাশে দাঁড়ান। পরিবারকে সব রকম সহযোগিতা করা হবে। আইনি ভাবেই সহযোগিতা করা হবে।' এদিন রাজনীতি করি না। কিন্তু বিগত ছ'–সাত মাস ধরে বিভিন্ন রাজ্যে, বিশেষ করে বিজেপি–শাসিত রাজ্যে এমন একাধিক ঘটনা ঘটেছে। নানা ভাবে অত্যাচার করা হয়েছে বাংলার বেশ কয়েকজন পরিযায়ী শ্রমিককে। অপরাধের সেই ডেনা ধাঁচটাই তো এক্ষেত্রেও দেখা যাচ্ছে। পুলিশ অবিলম্বে তদন্ত করে ব্যবস্থা নিক।' তিনি বলেন, 'আমরা দেখেছি বিজেপি–শাসিত রাজ্যে খুন, ধর্ষণ, রাহাজানির মতো অপরাধ করার পরও অপরাধীরা জামিন পেয়ে বাইরে চলে আসে। আমরাচাইব, সুখেনের মৃত্যুর সঙ্গে জড়িত বা এই ঘটনায় অভিযুক্তদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক। খেয়াল রাখতে হবে, তারা যেন জামিন না পায়। অভিযুক্তদের দোষী সাব্যস্ত করার দায়িত্ব মহারাষ্ট্র পুলিশের।' পাশাপাশি মহারাষ্ট্র পুলিশের উদ্দেশে তিনি বলেন, 'তারা যদি না পারে, কেস ট্রান্সফার করে দিক আমাদের রাজ্যে। আমরা ৫০ দিনের মধ্যে ব্যবস্থা নিয়ে দেখিয়ে দেব।' অভিষেক আরও বলেন, 'সুখেনের পরিবারের সঙ্গে আমি কথা বলেছি। তাঁর বাবাকে আশ্বস্ত করেছি, আইনি সাহায্য, সহায়তা যা লাগবে, আমরা দেগুলো করব। এ নিয়ে যতদূর যাওয়ার, যাব। মহারাষ্ট্রে বিজেপির সরকার। তাই আমি এ নিয়ে পুরুলিয়ার বিজেপি সাংসদ জ্যোতির্ময় মাহাতোকে অনুরোধ করব, দোষীরা যাতে শাস্তি পায়, সে ব্যাপারে তিনি মহারাষ্ট্র সরকারের সঙ্গে কথা বলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। আমি আশা করব, দলের উর্ধ্বে উঠে তিনি এই কাজগুলো করবেন। আমরা সুখেনের পরিবারকে কথা দিয়েছি, দশ দিন পর তিন–চার জন বিধায়কের সঙ্গে পরিবারের দু–তিনজন লোককে নিয়ে সাত জনের একটি ডেলিগেশন মহারাষ্ট্রে পাঠাব।'

'পাশে আছি, দোষীদের শাস্তি দিতেই হবে'

পরিযায়ী শ্রমিক সুখেনের বাবা বীরেন মাহাতো ও দাদা তুলসীরাম মাহাতোকে সান্ত্বনা দিচ্ছেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি, শান্তিরাম মাহাতো প্রমুখ। পুরুলিয়ার তুমড়াশোলের বান্দডি গ্রামে, শুক্রবার। ছবি: প্রতিবেদক

ব্যানার্জি। তাঁর সাফ কথা, 'এমনটা হলে আমরা আইনি পথে যাব।' দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতেই হবে বলে দাবি করেন তিনি। পুনেতে নৃশংস ভাবে খুন হওয়া যুবক সুখেন মাহাতোর বাড়িতে শুক্রবার দুপুরে আসেন তিনি, সঙ্গে ছিলেন তৃণমূল জেলা নেতৃত্ব। পুরুলিয়ার বরাবাজার থানার তুমড়াশোলের সুখেন মাহাতোর বাড়িতে এসে তাঁর বাবা ও দাদার সঙ্গে কথা বলেন অভিষেক। তাঁদের সমবেদনা জানান। তারপর মরদেহে পুষ্পার্ঘ্য দেন। সংবাদমাধ্যমকে তিনি বলেন, 'আমি খবর পাওয়ার পরই ওঁর বড় ভাইয়ের সঙ্গে কথা বলেছি। ৩০ বছরের একটি তরতাজা যুবকের কী কারণে মৃত্যু, তা তদন্তসাপেক্ষ। আমি কোনও মৃত্যু নিয়ে

এসআইআর নিয়ে মানুষের হয়রানির প্রতিবাদে রাজ্য কিসান খেতমজদুর তৃণমূল কংগ্রেসের প্রাক–নির্বাচনী রাজ্য সম্মেলন হবে রবিবার, নেতাজি ইনডোর স্টেডিয়ামে। সম্মেলন উপলক্ষে কলকাতায় পড়েছে হোর্ডিং। ছবি: আজকাল

এসআইআর: আরও ৬ লক্ষের বেশি নাম বাদ

আজকালের প্রতিবেদন

আজ, শনিবার এ রাজ্যে এসআইআরের শুনানির শেষ দিন হলেও শুক্রবারই কাজ শেষ হয়েছে। এদিন সন্ধে পর্যন্ত আরও ৬ লক্ষ ২৫ হাজার নাম বাদ পড়ছে বলে জানা গিয়েছে। আগে খসড়া তালিকায় বাদ গিয়েছিল ৫৮ লক্ষ নাম। শুনানিতে আসা ভোটারদের তথ্য এবং নথি যাচাইয়ের পরে এই সংখ্যা আরও বাড়তে পারে বলে মনে করছে কমিশন। এদিকে, এদিন রাতে অবসরপ্রাপ্ত আইপিএস এন কে মিশ্রকে রাজ্যে বিশেষ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করল নির্বাচন কমিশন। কমিশনের নির্দেশ মোতাবেক রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন এবং ভোটার তালিকার এসআইআর–এর কাজে যুক্ত থাকবেন তিনি।

এসআইআর–এ শুনানি শেষ হলে সমস্ত নথি আপলোড হবে। তার আগে সুপার চেকিং হবে নথি। শুক্রবার রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর জানিয়েছে, শেষদিনের আগেই রাজ্যে শুনানির কাজ শেষ হয়েছে। শুনানিতে হাজির হওয়া মোট ভোটারের মধ্যে ১০ থেকে ১৩ লক্ষের তথ্য আপলোড হওয়া বাকি রয়েছে। তথ্য যাচাই করা হয়েছে ১ কোটি ২৩ লক্ষের নথি। কালিম্পং, বীরভূম, পশ্চিম বর্ধমান এবং হাওড়া— এই চার জেলা থেকে বৃথ–বিন্যাসের তথ্য পাওয়া গিয়েছে। নথি প্রথমে খতিয়ে দেখবেন ইআরও এবং এইআরওরা। তারপর দেখবেন ডিইও (জেলাশাসক)। সেই ফর্ম যাবে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালের কাছে। তিনি সব নথি খতিয়ে দেখে সন্তুষ্ট হলে পাঠাবেন জাতীয় নির্বাচন কমিশনে। সেখানে ফের খতিয়ে দেখবে কমিশন। তারপর প্রকাশিত হবে চূড়ান্ত তালিকা।

নির্বাচন কমিশনের মুখ্য বেঞ্চ শুক্রবার রাজ্যের সব ডিইওদের সঙ্গে ভিডিও কনফারেন্স করে এদিন। এসআইআরের অগ্রগতি ও শুনানির বিষয়ে বৈঠক হয়। কমিশন সূত্রে খবর, অনেক ক্ষেত্রে দেখা গিয়েছে সংবাদপত্রের কাটিং, ফাঁকা পৃষ্ঠা, অস্পষ্ট বা অপাঠ্য ছবি নথি হিসাবে আপলোড করা হয়েছে। এদিন কমিশন ডিইওদের কাছে এই নথিগুলির বিষয়ে জানতে চায়। কমিশনের বেঁধে দেওয়া এবং সুপ্রিম কোর্ট অনুমোদিত নথিগুলিই ইআরও ও এইআরওদের বিবেচনা করতে হবে এবং নির্দেশ দেওয়া হয়েছে। সোমবার বিকেল ৫টার মধ্যে কমিশনের অনুমোদিত নথিই আপলোড করা হয়েছে। নির্ধারিত ওই সময়সীমার পরে এই ধরনের কোনও নথি সিস্টেমে থাকলে তা আইটি টিম পরীক্ষা করবে। এই সময়সীমার পরে এই ধরনের কোনও নথি পাওয়া গেলে, তা হলে সংশ্লিষ্ট ডিইওকে ব্যক্তিগত ভাবে দায়ী করা হবে।

তামিলনাড়ুতে মৃত বাংলার শ্রমিক

তামিলনাড়ুতে কর্মস্থলে দুর্ঘটনায় মৃত বাংলার এক পরিযায়ী শ্রমিক। নাম শক্তিপদ দাস (৪৫)। দক্ষিণ ২৪ পরগনার সাগর থানার কমলপুর–২ নম্বর কলোনির বাসিন্দা। প্রায় আট মাস আগে তিনি তামিলনাড়ুর একটি ইটভাটায় কাজে যান। বৃহস্পতিবার বিকেলে ইট কাটার মেশিনে কাজ করার সময় অসাবধানতাবশত তাঁর দেহ মেশিনের মধ্যে ঢুকে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয়।

রাতের অতিথি ছবির স্পেশ্যাল স্ক্রিনিং

বৃহস্পতিবার টালিগঞ্জের রাধা স্টুডিওতে শিবা এন্টারটেইনমেন্টের ব্যানারে প্রযোজক সুবীর ভট্টাচার্যের প্রযোজনায় হয়ে গেল পরিচালক কন্দর্পদ চৌধুরির সুপার ন্যাচারাল থ্রিলার ও প্রেতযোনির ওপর নির্ভর করে তৈরি নতুন বাংলা ছবি রাতের অতিথির স্পেশ্যাল স্ক্রিনিং। ছবিতে বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন কণিকা অধিকারী, অরিন্দম চক্রবর্তী, এষা ব্যানার্জি, প্রলয়জিৎ ব্যানার্জি, রূপাঞ্জলি, প্রিয়া, তন্ত্রিমা, কল্লোল–সহ অন্যান্য প্রতিভাবান অভিনেতা–অভিনেত্রী।

ক্ষুদ্র সেচে জলকর মকুব করল রাজ্য

আজকালের প্রতিবেদন

ক্ষুদ্র সেচে কৃষকদের জন্য জলকর মকুব করল রাজ্য সরকার। সামনেই খরিফ মরশুম। প্রশাসনের এই সিদ্ধান্তে উপকৃত হতে চলেছেন প্রায় ১০ লক্ষ ৬৬ হাজার কৃষক। তাঁদের সাশ্রয় হবে প্রায় ৪৫ কোটি টাকা। শুক্রবার সাংবাদিক বৈঠকে জানালেন জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়নমন্ত্রী মানস ভুঁইয়া। এদিন তিনি জানান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির মন্তিজ়প্রসূত এটি আরও একটি অভিনব পরিকল্পনা। ৯ হাজার ৯৬৫টি ক্ষুদ্রসেচ প্রকল্পে প্রায় ৩ লক্ষ ৬ হাজার হেক্টর জমিতে চাষ করেন ১০ লক্ষের বেশি কৃষক। এতদিন রাজ্যের ক্ষুদ্রসেচ প্রকল্প থেকে জল পেতে এই কৃষকদের প্রতি একর ইঞ্চি হারে ১৭ টাকা জলকর দিতে হত। এখন থেকে সেই কর আর দিতে হবে না। এই বিষয়ে কৃষকদের জানাতে লিফলেট বিলি করা হবে। কৃষকরা বিশদ জানতে এবং এই সুবিধে পেতে যোগাযোগ করতে পারবেন জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের নিকটবর্তী শাখায়। দপ্তরের ওয়েবসাইট https://www.wbridd.gov.in থেকেও জানা যাবে তথ্য।

আলুর দাম নিয়ন্ত্রণে নজরদারি

আজকালের প্রতিবেদন

মঠ থেকে নতুন আলু উঠতে শুরু করেছে। তাই এখনই আলুর কালো বাজারি ঠেকাতে প্রস্তুতি শুরু করছে রাজ্য প্রশাসন। গত বছরের মতো এবারও যাতে সাধারণ মানুষ সঠিক দামে আলু কিনতে পারেন সেদিকে কড়া নজর রয়েছে সরকারের। পাশাপাশি আলু চাষিরাও যাতে আর্থিক ক্ষতির মুখে না পড়েন, তা নিশ্চিত করতে একগুচ্ছ পদক্ষেপ নিচ্ছে কৃষি ও কৃষি বিপণন দপ্তর। নবান্ন সূত্রে খবর এই পদক্ষেপ নেওয়ার জন্য শুক্রবার একটি উচ্চ পর্যায়ে বৈঠক করেছে কৃষি ও কৃষি বিপণন দপ্তর। এই বৈঠকে সিদ্ধান্ত হয়েছে গতবারের মতো এবারও ছোট ও প্রান্তিক চাষিরা হিমঘরে ৩০ শতাংশ আলু রাখতে পারবেন। কোনওভাবেই আলুর দাম অস্বাভাবিক বেড়ে না যায় সেদিকেও কড়া নজর রাখা হবে। মধ্যস্বত্বভোগীদের হাত থেকে ছোট ও প্রান্তিক চাষীদের রক্ষা করতে গত বছর থেকেই এই ব্যবস্থা নেওয়া হচ্ছে। সূত্রের খবর ভাল পালন হলেই মধ্যস্বত্বভোগীরা চাষীদের থেকে কম দামে প্রচুর পরিমাণে আলু কিনে নেয়। হিমঘরে আলু রাখার জায়গা না পাওয়ায় তারাও বাধ্য হয়ে ফোড়েদের কাছে আলু বিক্রি করে দেয়। আবার ফোড়েরা বাজারে কৃত্রিম সঙ্কট তৈরি করে বেশি দামে আলু বিক্রি করে। এই সমস্যা এড়াতে রাজ্য সরকার প্রান্তিক চাষীদের হিমঘরে আলু রাখার ব্যবস্থা করে দেয়। এবার একই ব্যবস্থা চালু থাকবে বলে নবান্ন সূত্রে খবর।

বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক, ভারত সরকারের বিজ্ঞপ্তি নম্বর এস.ও.১৫৩৩(ই) তারিখ ১৪.০৯.২০০৬ অনুসারে, এতদ্বারা বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **মেসার্স ডিশনক্রাফ্‌ট ইন্ডাস্ট্রিজ (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড** কর্তৃক ফলতা ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার, সেক্টর–৩, প্লট নং–এ–৫ এবং এ–৬, গ্রাম– কলাতলাহাট, ডাক– নৈনান, থানা–রামনগর, জেলা–দক্ষিণ ২৪ পরগণা, পিন–৭৪৩৫০৪–তে বার্ষিক ৪৪ টন ভিনাইল ক্লোরাইড এবং বার্ষিক ৩০০ টন অ্যালকিড রেজিন উৎপাদনের কারখানা স্থাপনের উদ্দেশ্যে জনশুনানি **১৯.০৩.২০২৬** তারিখে **সকাল ১১.৩০ টায়** ব্লক ডেভেলপমেন্ট অফিসারের মিটিং হল, ডায়মণ্ড হারবার–২, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গে ধার্য করা হয়েছে।

কোনও ব্যক্তি বা ব্যক্তিবর্গের সমষ্টি যিনি বা যাঁরা প্রভাবিত হতে পারেন বা সংযুক্ত স্থানীয় কর্তৃপক্ষ, আলোচ্য প্রকল্পের এক্সিকিউটিভ সামারির কপি (ইংরেজি ও বাংলা) দেখতে পারেন এবং ইআইএ/ইএমপি রিপোর্টের ড্রাফ্‌ট বা খসড়া নিয়লিখিত কার্যালয়গুলিতে পাওয়া যাবে (১) জেলাশাসক, জেলা–দক্ষিণ ২৪ পরগণার কার্যালয় (২) অতিরিক্ত জেলাশাসক এবং ডিস্ট্রিক্ট ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রিফর্মস অফিসার, দক্ষিণ ২৪ পরগণার কার্যালয় (৩) সাব–ডিভিশনাল অফিসারের কার্যালয়, ডায়মণ্ড হারবার, দক্ষিণ ২৪ পরগণা (৪) ব্লক ডেভেলপমেন্ট অফিসারের কার্যালয়, ডায়মণ্ড হারবার ২ ডেভেলপমেন্ট ব্লক, দক্ষিণ ২৪ পরগণা (৫) সভাধিপতির কার্যালয়, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ (৬) জেনারেল ম্যানেজার, ডি.আই.সি., দক্ষিণ ২৪ পরগণার কার্যালয় (৭) সভাপতির কার্যালয়, ডায়মণ্ড হারবার ২ পঞ্চায়েত সমিতির কার্যালয় (৮) কলাতলা গ্রাম পঞ্চায়েতের কার্যালয়, দক্ষিণ ২৪ পরগণা (৯) সিনিয়র এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ার এবং ইন–চার্জ–এর কার্যালয়, আলিপুর আঞ্চলিক কার্যালয়, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, 'মাইনারিট্‌ি ভবন', ৬ষ্ঠ তল, ১২, বিপ্লবী কানাইলাল ভট্টাচার্য সরণি, আলিপুর, কলকাতা–৭০০০২৭ (১০) পরিবেশ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, প্রাণীসম্পদ ভবন, ৬ষ্ঠ তল, এলবি–২, সেক্টর–৩, বিধাননগর, কলকাতা–৭০০১০৬ (১১) পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রক, ইন্টিগ্রেটেড রিজিওনাল অফিস, কলকাতা, আইবি–১৯৮, সেক্টর–৩, সল্ট্‌ লেক সিটি, কলকাতা–৭০০১০৬ (১২) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ–এর সদর কার্যালয়, পরিবেশ ভবন,১০এ, ব্লক–এলএ, সেক্টর–৩, বিধাননগর, কলকাতা–৭০০১০৬। এক্সিকিউটিভ সামারি, ড্রাফ্‌ট ইআইএ রিপোর্ট ও প্রকল্পের আবেদনপত্র পর্ষদের ওয়েবসাইট– **www.wbpcb.gov.in** –এ পাওয়া যাবে।

প্রস্তাবিত প্রকল্প বা কার্যাবলীর দরুন স্থানীয়ভাবে প্রভাবিত হতে পারেন এরূপ ব্যক্তি বা গোষ্ঠী ব্লক ডেভেলপমেন্ট অফিসারের মিটিং হল, ডায়মণ্ড হারবার–২, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গে **১৯.০৩.২০২৬** তারিখে **সকাল১১.৩০টায়** অনুষ্ঠেয় জনশুনানিতে অংশ নিতে পারেন। জনশুনানির সভায় আলোচ্য বিষয় সম্পর্কে পরামর্শ/আপত্তি মৌখিক অথবা লিখিতভাবে জানাতে পারেন। প্রকল্প অথবা কার্যাবলীর পরিবেশগত দিক থেকে প্রভাবিত হবার যুক্তিগ্রাহ্য কারণ আছে এরূপ অন্য সংশ্লিষ্ট ব্যক্তি লিখিত আকারে তাঁর পরামর্শ/আপত্তি জনশুনানির তারিখের পূর্বে চিফ ইঞ্জিনিয়ার (ইআইএ সেল), পরিবেশ ভবন, ১০এ, ব্লক–এলএ, সেক্টর–৩, বিধাননগর, কলকাতা–৭০০১০৬–এর কাছে জানাতে পারেন।

সদস্য সচিব
পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

GOVERNMENT OF WEST BENGAL
WEST BENGAL POLICE DIRECTORATE
BHABANI BHAWAN, ALIPORE
KOLKATA - 700027

1. Applications are Invited by the Superintendent of Police, Bongaon Police District for engagement of 01 (One) number of Legal Consultant (Senior) for Bongaon Police District on contractual basis. For further details and application proforma, visit https://wbpolice.gov.in
2. The application along with relevant enclosures should be send addressing to the Superintendent of Police, Bongaon Police District through mail vide ID: legaladvisorybgnpd@gmail.com or through speed post within 21 days after publication of this notification.

ICA N 49(3)/2026



ICA-D 282(6)/2026

আধার হাউজিং ফিনান্স লিমিটেড
Aadhar Housing Finance Ltd

কর্পোরেট অফিস: ৮০২, নটরাজ মাই কন্ডমিনিয়ম, ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ে, সার এম.ভি রোড, আন্ধেরি (ইস্ট), মুম্বই-৪০০০৬৯, মহারাষ্ট্র
ব্যাঙ্কার্স্‌ ব্রাঞ্চ অফিস: ২ নং ফ্লোর, ১৩৩/২, বারাসত রোড, ব্যারাকপুর, কলকাতা–৭০০১২২, পশ্চিমবঙ্গ, জেলা– উত্তর ২৪ পরগনা
আসানসোল শাখা অফিস: ইউনিট নং ২০৫, ফ্লোর নং ২, চ্যাটার্জি প্রাজা, সিটি রোড, রাধানন্দু তলা, ওয়ার্ড নং ৪৩, আসানসোল, পশ্চিমবঙ্গ–৭১৩৩০৪, জেলা– পশ্চিম বর্ধমান
বর্ধমান শাখা অফিস: আর এস প্লট নং ৪৭, এল আর প্লট নং ৩৬, গোপাল ভবন, ফার্স্ট ফ্লোর, হোল্ডিং নং ৩৯, জে এল নং ৭৫, এল আর খতিয়ান নং ৪৬৪৮, মৌজা– ইছলাবাদ, ওয়ার্ড নং ১০, বর্ধমান–৭১৩১০৩, পশ্চিমবঙ্গ, জেলা– পূর্ব বর্ধমান
দুর্গাপুর ব্রাঞ্চ অফিস: চৈতন্য কমপ্লেক্স, গ্রান্ডেড ফ্লোর, ওয়ান রুম, প্লট নং সিএ–৪, ফেজ–২, বেজল অম্বুজা, সিটি সেন্টার, দুর্গাপুর–৭১৩২১৬, পশ্চিমবঙ্গ, জেলা– পশ্চিম বর্ধমান

দাবি বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩(১)–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে। সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (ইউ অ্যাক্ট)–এর ধারাধীনে নিম্নস্বাক্ষরকারী হিসেবে আধার হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে অনুমোদিত আধিকারিক উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ) /–এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থের পরিশোধের জন্য ঋণদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উপরিলিখিত সংক্রান্ত নিয়মে, ব্যক্তিগত ভাবে প্রকাশের উক্ত বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যাতে তাঁরা এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে এখানে নীচে উল্লিখিত পরিমাণ অর্থাৎ, তপুপরি নীচে উল্লিখিত তারিখ থেকে ওই অর্থাৎ পরিশোধের/চালানের তারিখ পর্যন্ত উক্ত ঋণগ্রহীতা(গণ) –এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত সুদ সমেত এইউএফএল–কে প্রদান করেন। উক্ত ঋণ যথাসময়ে পরিশোধ নিশ্চিত করার জন্যে নিম্নলিখিত পরিসম্পত্তিগুলি উক্ত ঋণগ্রহীতা(গণ)–এর ওপরে এইউএফএল–এর পক্ষে যথা হবেঃ

ক্রম নং	ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার–এর নাম	দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং দাবিকৃত অর্থাঙ্ক	সুরক্ষিত পরিসম্পদের বিবরণ (স্থাবর সম্পত্তি)
১.	(লোন কোড ০৬২১০০০০০৪৩ শাখাকপুর শাখা) নির্মাল্য সেনগুপ্ত (ঋণগ্রহীতা) মৌসুমী সেনগুপ্ত (সহ-ঋণগ্রহীতা)	০৪ ডিসেম্বর, ২০২৫ ₹ ৯১৭৭৫১/-	সামান্য কমবেশি ৪১৫৬ বর্গফুট অবিভক্ত অবিভাজ্য অংশের সহ সামান্য কমবেশি ৭৬৬ বর্গফুটের একতলা ভবন এবং সামান্য কমবেশি ১২০৬ বর্গফুটের কোলাপ্স ভবন, যার স্থিতি ও বিবরণ: মৌজা– ছগলোচড়, জে এল নং ১৮, খেঁতি নং ৬৫৫, আর এস খতিয়ান নং ১৪৯, আর এস দাগ নং ৫৫৮, ভাটিশালা পুলপাড়া ২ নং গ্রামপঞ্চায়েত, ৪৪/৪ ভাতরড় চরা রাস্তা রোড, থানা– জগদ্দল, জেলা– উত্তর ২৪ পরগনা (২০১৮ সালের দলিল নং ১–৬৫২১) চৌহদ্দি যা চতুর্সীমা: পূর্ব– বোধা আকাশ; পশ্চিম– বোধা আকাশ ও বোধা স্থান; উত্তর– বোধা আকাশ এবং সাধারণ সিঁড়ি; দক্ষিণ– বোধা আকাশ।
২.	(লোন কোড ০১৮১০০০০১০২, আসানসোল শাখা) মৌসুম ব্যানার্জি (ঋণগ্রহীতা) উমা ব্যানার্জি (সহ ঋণগ্রহীতা)	০৪ ডিসেম্বর, ২০২৫ ₹ ২৩৫৩৩৩/-	সামান্য কমবেশি ৮৩১ ১০.৫ বর্গফুট ও ৫.৫৩ শতক অবিভক্ত অবিভাজ্য সমেত পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– কুমুরসাদলি, জে এল নং ৪০, খতিয়ান নং ৬১৪, আর এস ও এল আর দাগ নং ২৭১, প্রাক্তনপ্রতি ও থানা সমন্বয় মনিপাসপাস সোসাইটি প্রাঃ লিঃ ৬৪, থানা– সালানপুর, জেলা– পশ্চিম বর্ধমান। চৌহদ্দি যা চতুর্সীমা: পূর্ব: সোসাইটির প্রাঃ লিঃ ৬৪, পশ্চিম: ২০ ফুট চওড়া রাস্তা, উত্তর: সোসাইটির প্রাঃ লিঃ ৬৩/৩৪, দক্ষিণ: সোসাইটির প্রাঃ লিঃ ৬৫ এ এবং বি
৩.	(লোন কোড ০৭৪০০০০৭৮৭, বর্ধমান শাখা) গোপাল খোরাই (ঋণগ্রহীতা) সুশান্ত খোরাই (সহ-ঋণগ্রহীতা)	১০ ডিসেম্বর, ২০২৫ ₹ ১৭৫৫২৮/-	সামান্য কমবেশি ২ শতক অবিভক্ত অবিভাজ্য সমেত পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– আসানসুনি, জে এল নং ১১২, আর এস খতিয়ান নং ৫৩৮, ৫৩৯ এবং ৫১৩, এল আর খতিয়ান নং ১১২১ (দলিল অনুযায়ী), আর এস ও এল আর দাগ নং ২৬১, থানা– রাজবা (পুরাতন), মাকর্ডাডি (নতুন), জেলা– পূর্ব বর্ধমান।
৪.	(লোন কোড ০৮৮১০০০০৪৬৩, দুর্গাপুর শাখা) প্রভাত সর্দার হাজরা (আইনগত উত্তরাধিকারীর মাধ্যমে প্রতিনিধিপ্রাপ্ত) (ঋণগ্রহীতা) নীতি হাজরা (সহ-ঋণগ্রহীতা)	১০ ডিসেম্বর, ২০২৫ ₹ ৬৯৫৩৩৮/-	সামান্য কমবেশি ৬৯১৬ শতক অবিভক্ত অবিভাজ্য সমেত পরিমাণ তপুপরি কয়েমমান কাঠামো সহ, যার স্থিতি ও বিবরণ: মৌজা– সোলপুর, জে এল নং ১৯, আর এস দাগ নং ৫২১, এল আর দাগ নং ৪২৯, এল আর খতিয়ান নং ১০১২৫, ৪৫৭৩ (দলিল অনুযায়ী), এল আর খতিয়ান নং ৯৩৭৬ (পাট অনুযায়ী), সোলপুর পৌরসভার সম্প্রসারিত, ওয়ার্ড নং ৪, হোল্ডিং নং ৫৩/৩৩১, থানা– বোদপুর, জেলা– বীরভূম। চৌহদ্দি যা চতুর্সীমা: পূর্ব: জীবনীর হাজরার সম্পত্তি, পশ্চিম: ফ্লোর এবং ভাতরড় ৬ ফুট চওড়া রাস্তা, উত্তর: পাচিমটী দেবীর সম্পত্তি, দক্ষিণ: ইন্দ্রাজাটী খাজাবের সম্পত্তি

যদি উক্ত ঋণগ্রহীতাগণ ওপরে উল্লেখমতো বকেয়া অর্থাঙ্ক এএইউএফএল–কে পরিশোধ বাধ হন, সেক্ষেত্রে এএইউএফএল উপরিলিখিত সুরক্ষিত পরিসম্পত্তিগুলির বিক্রয়ে উক্ত আক্টের ১৩(৪) ধারা ও প্রযোজ্যমতো ফলসমূহের সংস্থান মোতাবেক ব্যবস্থা নেওয়ার পথে এগোবে যার পরিণাম পুরোপুরি সাজিই ঋণগ্রহীতাগণের মাথায় ও ঝুঁকিসাপেক্ষ হবে। উক্ত ঋণগ্রহীতাগণকে উক্ত আক্টের সংস্থান মোতাবেক এএইউএফএল–এর নিকিত অনুমতি ছাড়া উপরিলিখিত পরিসম্পত্তিগুলি বিক্রয়, লিজ বা অন্য কোনও উপায়ে হস্তান্তর করতে নিষেধ করা হচ্ছে। যদি কোনও ব্যক্তি এর অন্যথা করেন বা উক্ত আক্টে বা তার অধীন প্রদত্তসূত্রের সংস্থান পরিপন্থী কাজ করেন, সেক্ষেত্রে উক্ত আক্টের সংস্থান মোতাবেক তাঁর জেল এবং/বা জরিমানা হতে পারে।

স্থান: ব্যারাকপুর, আসানসোল, বর্ধমান, দুর্গাপুর; তারিখ: ১৪.০২.২০২৬
অনুমোদিত আধিকারিক, আধার হাউজিং ফিনান্স লিমিটেড

কেনরা বঁক Canara Bank
সিন্ডিকেট Syndicate

রিজিওনাল অফিস: দুর্গাপুর
রিকভারি অ্যান্ড লিগ্যাল সেকশন
জিন্তা এনক্লেভ, ডোয়ারি মোড়ের কাছে, সাগরভাঙ্গা, দুর্গাপুর, পিন–৭১৩২১১

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
তারিখ: ১৮.০৩.২০২৬

এতদ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর সংস্থান মোতাবেক দখল নেওয়া নিম্নবর্ণিত সম্পত্তিগুলি অনলাইন পদ্ধতিতে নিম্নোক্তমতো ই–নিলামের মাধ্য